

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১১.০৪৭.১৯-১৪৬

তারিখঃ ১৫ বৈশাখ ১৪২৬  
২৯ এপ্রিল ২০১৯

**বিষয়:** খাইয়ারা উচ্চ বিদ্যালয়, ফেনী এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.০৭.২০১৮/১৮২০; তারিখ: ১৫/১০/২০১৮ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)  
(২) ডিআইএ/ফেনী/৯২৫-এস/চট্র:৩০০; তারিখ: ০৩/১০/২০১৭ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ২৫/০৪/২০১৬ খ্রি. ফেনী জেলার ফেনী সদর উপজেলাধীন খাইয়ারা উচ্চ বিদ্যালয়ের এর পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাব পর্যালোচনায় প্রতিবেদনের নিম্নবর্ণিত বিষয়সমূহ অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

- ক. প্রতিষ্ঠানের ১.০৫ একর জমি প্রতিষ্ঠানের নামে নামজারি করা হয় নি;
- খ. ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, পিয়ন বই রেজিস্টার চালু নেই;
- গ. ক্রয় কমিটি নেই;
- ঘ. অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক প্রতি তিন মাস অন্তর নিরীক্ষা করা হয় না;
- ঙ. ক্রমিক নম্বর অনুযায়ী ভাউচারসমূহ বছরওয়ারি গার্ড ফাইলে সংরক্ষণ করা হয় না;
- চ. স্টক টেকিং কমিটি নেই এবং বছর শেষে স্টক টেকিং করা হয় না;
- ছ. বিগত ৩ বছরে কোন পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি লাভ করেনি।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে নির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার নিমিত্ত প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
২৭/৪/১৯

(মোঃ রাহেদ হোসেন)

উপসচিব (অভ্যন্তরীণ নিরীক্ষা)

ফোনঃ ৯৫৪৬১০৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

[দৃ:আ: উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর]

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪। জেলা শিক্ষা অফিসার, ফেনী
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেনী সদর, ফেনী
- ৬। প্রধান শিক্ষক, খাইয়ারা উচ্চ বিদ্যালয়, ফেনী সদর, ফেনী
- ৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮। যুগ্মসচিব (নিরীক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৯। অফিস কপি।